দৈনিক সংবাদ

তারিখ ... ০৩/০৯/২০০০ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ...

কলেজ পর্যায়ের শিক্ষক নিয়োগে প্রচলিত বৈষম্যের অবসান চাই

২২তম বিসিএস পরীক্ষা ২০০০ অনুষ্ঠানের লক্ষ্যে ২৭/০৮/২০০০ দৈনিক ইত্তেফাক-এ প্রকাশিত বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের বিজ্ঞপ্তি নং-বাসককস-২/১ই-১৯/২০০০/২৩৭, তারিখ ১৭/৮/২০০০ অনুসারে সরকারি কলেজ-সমূহে বিভিন্ন বিষয়ে প্রভাষক নিয়োগের জন্য প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর মাস্টারস ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টারস ডিগ্রি। পক্ষান্তরে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-শাঃ১১/বিবিধ-৫/৯৪(অংশ-৬)/৩৯৫, তাং ২৪/১০/১৯৯৫ অনুসারে বেসরকারি কলেজসমূহে বিভিন্ন বিষয়ে প্রভাষক নিয়োগের জন্য প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা প্রথম শ্রেণীর মাস্টারস ডিগ্রিসহ সকল পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী/বিভাগ অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টারস ডিগ্রি এবং সকল পরীক্ষায় দ্বিতীয় শ্রেণী/বিভাগ। একই পর্যায়ে শিক্ষাদানের লক্ষ্যে প্রভাষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতায় যথেষ্ট বৈষম্য আছে বলে প্রতীয়মান হয়। উচ্চশিক্ষার মান সমুন্নত করার লক্ষ্যে নিয়োগ প্রক্রিয়া ও শিক্ষাগত যোগ্যতায় প্রচলিত বৈষম্য অবসান করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য কর্তৃপক্ষ বরাবর সবিনয় অনুরোধ করছি।

মো. আবদুল মোতালেব তালুকদার
অধ্যক্ষ
ধোবাউড়া আদর্শ মহাবিদ্যালয়
ধোবাউড়া, ময়মনসিংহ।